

লেখা ও ছবি : উইলেম ডে ভিঙ্ক

মসীহ যীশু




সর্বসময়ের মহান কাহিনী

বিষয়গুলো কি



স্বর্গদূত : ঈশ্বরের এক অদৃশ্য বার্তাবাহক।
(পৃষ্ঠা - ৫)

আশীর্বাদ : সকল ভাল জিনিস ঈশ্বর মানুষকে দিতে চায়, যা তিনি চান তা যদি তারা করে।




পবিত্র বাইবেল : বাইবেলের মধ্যে আপনি পড়তে পারবেন - ঈশ্বর মানুষকে কেমনভাবে দেখেন এবং তাদের সাথে আচরন করেন।

প্রভুর ভোজ : রুটি ও আঙ্গুর রসের মাধ্যমে ঈশ্বরের অনুসারিগণ তাঁর মৃত্যু ও পুণরুত্থানের বিষয় স্মরণ করেন। (পৃষ্ঠা - ৪১)



ক্রুশ : একটি অত্যাচারের যন্ত্র যাতে যীশু মৃত্যুবরণ করতে গিয়েছিলেন নিজের আত্মত্যাগের মাধ্যমে। যীশুর অনুসারিদের জন্য এটি একটি প্রতীকে পরিনত হয়েছে।
(পৃষ্ঠা - ২৫ ও ৫০)



শিষ্য : যীশুর অনুসারীগণ (পৃষ্ঠা - ১৮)

ইষ্টার : মহাভোজ যা যীশুর পুণরুত্থান উপলক্ষে করা হয়। একই দিন যিহুদীরা নিস্তারপর্ব উদযাপন করে থাকে।
(পৃষ্ঠা - ৩৮-৫৪)



অনন্ত জীবন : যীশুর সাথে জীবন-যাপন যা ঈশ্বরের ইচ্ছা। ইহা মৃত্যুকে জয় করতে পারে এবং যার কেন শেষ নাই।
(পৃষ্ঠা - ২৩, ২৯-৩০ ও ৫৯)

বিশ্বাস : ঈশ্বর যা করার জন্য প্রতিজ্ঞা করেছেন তিনি তা করবেন সে বিষয়ে আপনার আস্থা রাখা (পৃষ্ঠা - ৫৮)।



ক্ষমা : ঈশ্বর ক্ষমা করেন, যদিও এজন্য কেউ উপযুক্ত নয়। ঈশ্বর আপনাকে ক্ষমা করবেন, যদি আপনি সত্যই পাপের জন্য দুঃখিত হোন এবং নিজেকে পরিবর্তন করেন। ক্ষমা করা

সম্ভব কারণ আমরা যে শাস্তি পাবার যোগ্য তা যীশু নিজে গ্রহন করেছেন (পৃষ্ঠা - ৫৮)

ঈশ্বরের রাজত্ব : ঈশ্বরের রাজত্ব সেখানেই উপস্থিত হয়, যেখানে মানুষ তাঁর বাধ্য হয়। পবিত্র আত্মা : সেই সব মানুষের মধ্যে ঈশ্বরের আত্মা অবস্থান করছে, যারা যীশুকে অনুসরণ করেন। (পৃষ্ঠা - ৫৮)

যীশু : ঈশ্বরের পুত্রের নাম। অর্থাৎ উদ্ধারকর্তা ঈশ্বর।

মসীহ : অভিষিক্ত রাজা। মসীহ (একটি হিব্রু শব্দ) যা গ্রীক ভাষায় বলা হয় খ্রীষ্ট (পৃষ্ঠা ৫২-৫৫)।

প্রার্থনা : আপনি ঈশ্বরের সাথে কথা বলুন, নিঃশব্দে বা জোরে এবং আপনি তাঁর কথা শুনেন। (পৃষ্ঠা - ১৮, ১৯, ৪২)

পুণরুত্থান : যীশু মৃত্যু থেকে জেগে উঠেছিলেন। একদিন প্রত্যেকেরই মৃত্যু থেকে জেগে উঠবে। তারপর ঈশ্বর প্রত্যেক মানুষের বিচার করবেন। (পৃষ্ঠা - ৫৩ - ৫৭)

পুনরাগমন : সবকিছুই নতুন হবে যখন যীশু আবার পৃথিবীতে ফিরে আসবেন। স্বর্গ ও পৃথিবী ঈশ্বর নতুন করে দেবেন। (পৃষ্ঠা - ৫৭)

শয়তান : ঈশ্বর ও মানুষের অদৃশ্য শত্রু (দুষ্টু হিসাবেও বর্ণনা করা হয়েছে)।

পাপ : কোন কিছু যা আমরা ঈশ্বরের ইচ্ছার বিরুদ্ধে করি এবং যা আমাদেরকে ঈশ্বর নির্ধারিত লক্ষ্যে পৌঁছাতে বাঁধা দেয়।
(পৃষ্ঠা - ৪)

ঈশ্বরের পুত্র : যীশুর নাম। তিনি ঈশ্বর ছিলেন যিনি পৃথিবীতে মানবদেহ ধারণ করে ঈশ্বরের পুত্র হিসেবে এসেছিলেন।



মসীহ যীশু কে ?

যীশু প্রায় দুই হাজার বছর আগে ইস্রায়েলে থাকতেন। আমরা তাঁকে মসীহ যীশু খ্রীষ্ট বলে ডাকতাম। এর মানে হলো তিনি রাজা। তিনি কেবলমাত্র রাজা নন, তাঁকে ঈশ্বরের পুত্র বলেও সম্বোধন করা হত। এবং মনুষ্য পুত্র বলেও সম্বোধন করা হত। এর অর্থ হলো তিনি ঈশ্বর থেকে আগত এবং মানুষ থেকেও আগত। মসীহ যীশুর জীবন কাহিনী বাইবেলে বর্ণনা করা হয়েছে। ইহা সর্ব সময়ের এক মহান কাহিনী।

মসীহ যীশুর সময়কাল

মসীহ যীশুর জন্ম থেকে আমাদের বছর গননা শুরু হয়েছে। সেই সময় মানুষ পায়ে হেঁটে, গাধা, উট, ঘোড়ার পিঠে ঘুরে বেড়াত। ইউরোপের অধিকাংশ, মধ্যপ্রাচ্য এবং উত্তর আফ্রিকা রোমান সাম্রাজ্যের অর্ন্তভুক্ত ছিল। ইস্রায়েলের যিহূদীগন ছাড়া তেমন কেউ লিখতে পড়তে পারতো না। যিহূদীগনকে শাস্ত্রীয় মানুষ হিসাবে ডাকা হতো। শাস্ত্রেও মাধ্যমে ঈশ্বর কথা বলেন। তিনিই বিদ্যমান সমস্ত কিছুর সৃষ্টিকর্তা। তিনি সকল মানুষের বন্ধু হতে চান। মসীহ যীশু বিষয়টি আরো পরিষ্কার করে দেখিয়ে দিয়েছেন।





যীশুর সময়কালীন ইস্রায়েল

রাজধানী : যিরূশালেম
প্রদেশসমূহ : গালিল, শমরিয়, যিহূদিয়া
আয়তন : প্রায় ২৮০০০ বর্গ কিলোমিটার
(১০৮১০ বর্গমাইল)
জলবায়ু : প্রায় গ্রীষ্মমন্ডলীয়
রাজনৈতিক অবস্থা : ৬৩ খ্রীষ্টপূর্ব থেকে
ইস্রায়েল রোমীয় শাসনের অধীনে ছিল।

সরকার : রোমীয় শাসক পন্টিয় পিলাত
ইস্রায়েলের শাসনকর্তা ছিলেন।
রোমীয় সেনাট টিবারিয়াস তার
উপরে রাজত্ব করতেন।

ধর্ম : যিহূদী ধর্ম। যিরূশালেমে যিহূদীদের
একটি উপসনালয় ছিল। সেখানে
পুরোহিতরা সকল ধর্মীয় কার্যক্রম
পরিচালনা করতেন। সেখানে ধর্মীয়
ওস্তাতগন (যেমন ফরিশীরা) ধর্মগ্রন্থ
বাইবেল থেকে মানুষদের উপদেশ-নির্দেশ
দিতেন।

ভাষা : হিব্রু ভাষা (যিহূদীদের ভাষা)।
গ্রীক ভাষা (আন্তর্জাতিক ভাবে ব্যবহৃত
ভাষা)। লাতিন ভাষা রোমীয়দের ভাষা)



কেন এই লোকগুলো নদীর কাছে জড়ো হচ্ছে?



নিজেকে তৈরী করো
ঈশ্বরের রাজত্ব আসছে!



নূতন জীবন শুরু করো!



ঈশ্বরের বিচারের কুড়াল
ইতিমধ্যেই গাছের গোড়ায়
লাগানো আছে.....



যে সকল গাছ ভাল ফল
দেয় না তাদের কেটে
আগুনে নিক্ষেপ করা হবে



আমাদেরও একইভাবে কাটা
হবে কে ভাল জীবন যাবন
করতে পারবে?

ঠিক তাই কেউই ঈশ্বরের বিচার থেকে পালাতে
পারবে না কিন্তু আমার পর একজন আসবেন
যিনি ভিতর থেকে বাহির সকল বিষয়
পরিবর্তন করতে পারেন।



যদি তোমার জীবন সত্যই
আলাদা করতে চাও তোমার
পাপকে স্বীকার করো এবং
তারপর জলে নাম এবং
বাপ্তিস্মাপ্ত হও।



একটি নূতন জীবন শুরু করতে
এখন তুমি তোমার পাপ ধুয়ে নিয়েছো

নদীর পারের ধর্মগুরু যোহন বাপ্তাইজক
প্রত্যেকেই ডাকলো।

আমি গুরুপূর্ণ নই আমি
পথ তৈরি করছি তাঁর জন্য
যিনি ঈশ্বর কে, তা আমাদের
দেখাবেন তিনি তোমাকে
ঈশ্বরের আত্মায় বাপ্তিস্ম
দিবেন। যা তোমাকে সম্পূর্ণ
পরিবর্তন করে দেবেন।



এবং তারপর



আমার
আমার
আপনার দ্বারাই
বাপ্তিস্ম নেওয়া
উচিত



এখন এইভাবেই কর
তারপর ঈশ্বর যা চান
তা-ই আমরা করবো।




পিতঃ তোমার রাজত্ব
আসুক এবং তোমার
ইচ্ছা পূরন হোক।



তারপর স্বর্গ থেকে একটি আওয়াজ
ভেসে এসে বললো.....

হ্যাঁ, তুমি
আমার প্রিয় পুত্র
আমি তোমাকে
ভালবাসি এবং আমি
তোমাকে নিয়ে সন্তুষ্ট।



এটা হামার যুগের শুরু যখন যোহন বাপ্তাইজক
ইস্রায়েল জাতিকে খ্রীষ্টের আসার জন্য প্রস্তুত
করেছেন। সেই সময় ইস্রায়েল ছিল বিশাল রোমান
সাম্রাজ্যের একটি ছোট অংশ মাত্র।



ইস্রায়েল যিহুদিরা নিজেদের
অসহায় এবং অত্যাচারিত মনে
করত। তাই লোকেরা মসীহ
কখন আসবেন সেই সময়ের
দিকে তাকিয়ে থাকত। তিনিই
উদ্ধারকর্তা, যাঁর আসার
ভবিষ্যৎবানী প্রাচীন যিহুদী
গ্রন্থে উল্লেখ রয়েছে। এই খ্রীষ্ট
ঈশ্বরের ন্যায্যতার সফল
বাস্তবায়ন করবেন।

যোহন বাপ্তাইজক জর্ডন নদীর পারে যীশুকে পরিচয় করিয়ে দিলেন।

দেখ! এই ঈশ্বরের
মেষশাবক, যিনি
পৃথিবীরসমস্ত পাপ
দূর করবেন।



তাঁর বাপ্তিস্মের পর, ঈশ্বরের
পবিত্র আত্মা যীশুকে মরুভূমির



তিনি সেখানে ৪০ দিন ও রাত্রি কাটালেন। তিনি
যখন সেখানে ছিলেন তখন তিনি কিছুই খাননি ও
পান করেননি। তিনি প্রার্থনা করেছিলেন এবং তাঁর
আসল কাজ কি তা পরিস্কার ভাবে জানতে চেয়েছেন।



যীশুকে সফল হতে হলে, পৃথিবীতে
তাঁকে তা-ই করতে হবে যা ঈশ্বরের
ইচ্ছা। আর ঈশ্বরের পরিকল্পনা হলো,
যেন পৃথিবীর মানুষ মৃত্যুর কবল
থেকে মুক্তি পায়।

যীশু অন্ধকারের অধিপতি শয়তানের মুখোমুখি হলেন যে মৃত্যু ক্ষয়ের দ্বারা
পৃথিবীকে শাসন করছে।



হ্যাঁ, পিতঃ
তুমি যা চাও,
আমি তা-ই
করবো।



কিন্তু শয়তানে যীশুর বিরোধী ঈশ্বরের ইচ্ছা সকল করতে সর্বদাই যীশুকে বাধা দিচ্ছে।

যদি তুমি ঈশ্বরের পুত্র হও, তাহলে এই পাথরকে রুটি করে দেখাও।

না বাইবেলে এই কথা লেখা আছে মানুষ শুধু রুটিতে বাঁচে না কিন্তু ঈশ্বরের বাক্যেরও প্রয়োজন আছে।



যদি তুমি সত্যই ঈশ্বরের পুত্র হও তাহলে উপাসনালয়ের ছাদ থেকে লাফ দিয়ে প্রমাণ করে দেখাও ইহা কি লিখিত নেই যে স্বর্গদূতেরা তোমাকে বহন করবে?

যদি তুমি আমাকে প্রণাম করো এবং আমার উপাসনা করো আমি তোমাকে পৃথিবীর সকল ক্ষমতা দান করবো

আর তখন শয়তান যীশুকে একাকী ছেড়ে চলে গেল। স্বর্গদূতগন তাঁর সেবা করতে আসলেন।



এটাও লেখা আছে ঈশ্বরের পরীক্ষা করো না।




দূর হও শয়তান ইহাও লেখা আছে ঈশ্বর একজন তিনি শুধুমাত্র উপাসনা ও সেবা পাবেন।




যখন যীশু গালীলে ফিওে গেলেন তখন তিনি পবিত্র আত্মা পরিপূর্ণ ছিলেন যীশু বেড়ে উঠলেন উওর ইস্রায়েলে এক জনবসতিপূর্ণ পুদেশে যখন তিনি পথ চলতেন তখন অনেক তাঁর সাথে যোগ দিতেন তারা জানতে উদগ্ৰীব যীশু কি সেই খ্রীষ্ট যার সম্পর্কে ভাববাদীরা লিখেছেন।



গালীলে কোন এক পাহাড়ের পাশে কান্না নগরে একটি
বিবাহ অনুষ্ঠান চলছিল



যীশুও এই অনুষ্ঠানে তাঁর মা ও
বন্ধুদের সাথে গিয়েছিলেন।





কিন্তু বিবাহ অনুষ্ঠানের মাঝখানে

কি সমস্যা! শরবত শেষ হয়ে গেছে!

যীশু তোমাকে যা বলে শুধু তাই করো



শরবতের বড় পাত্রগুলো জল দিয়ে পূর্ণকরো এবং তা অনুষ্ঠানের কর্তার কাছে দিয়ে স্বাদ নিতে বলো।



জল? কিন্তু এটি শরবত! আহ কি রকম শরবত!



ইহা সুস্বাদু! আপনি অনুষ্ঠানের শেষের দিকের জন্য এত ভাল শরবত রেখে দিয়েছেন!



একরকম শুনা যায় না! এ ধরনের বিবাহ অনুষ্ঠানে আমি কখনো ইতিপূর্বে যায় নি। জল কি না শরবত হয়ে যায়! সবচেয়ে ভাল শরবত!

এটি ছিল নাসরতের যীশুর কাজ!

তিনি কে?

গালীলের নদীর তীরে কফরনাহূম ছিল জেলেদের জন্য একটি সমৃদ্ধশীল গ্রাম ।
এখান থেকেই যীশু ঈশ্বরের রাজ্য সম্পর্কে জনসম্মুখে কথা বলা শুরু করলেন ।



এখানে প্রথম তিনি তাঁর শিষ্যদের বেছে নিলেন।



পিতর – গভীর সমুদ্রে যাও
এবং তোমার জাল ফেল



প্রভু আমার সারা রাত্রি কঠোর
পরিশ্রম করেছি কিন্তু কোন কিছু
ধরতে পারলাম না।



কিন্তু যদি আপনি এ
রকম বলেন



কি! আমি ইহা বিশ্বাস
করতে পারছি না!





যাকোব! যোহন!
এখানে উঠে
এসো! এটি
আজীবনের
জন্য ধরা!



আমাকে ছেড়ে দিন প্রভু আমি
পাপে পূর্ণ একজন মানুষ।


পিতর ভয় করো না।



এসো এবং আমাকে অনুসরণ
করো! আমি তোমাকে মানুষ
ধরার জেলে করবো।



আমাকে অনুসরণ করো।



যীশু তাঁর শিষ্যদের নিয়ে সমস্ত গালীল প্রদেশ ঘুরে ঘুরে প্রত্যেকের কাছে ঈশ্বরের রাজ্যের বিষয়ে বলতে লাগলেন সে সময় তিনি মানুষের সমস্ত রকম রোগ ভাল করলেন মন্দ আত্মা তাড়িয়ে দিলেন মানুষ তাঁর কাজ দেখে অবাক হলো এবং তাকে অনুসরণ করতে লাগলো অন্য প্রদেশ ও ইস্রায়েলের রাজধানি যিরুশালেম থেকেও মানুষ আসতে লাগলো তারা তাঁর প্রতিটি কথায় গভীরভাবে বিশ্বাস করল।



ধন্য তারা, যারা গরীব,
কারণ স্বর্গ রাজ্য তাদেরই।


ধন্য যারা, ক্ষুধিত, কারণ
তারা পরিতৃপ্ত হবে।



ধন্য যারা শোক করে, কারণ
তারা সান্ত্বনা পাবে।



ধন্য তোমরা, যখন লোকে আমার
জন্য তোমাদেরকে নিন্দা ও
নির্যাতন করে, আনন্দ করো
উল্লাসিত হইও, কেননা স্বর্গে
তোমাদের পুরস্কার প্রচুর।





তুমি নিজে অন্যর কাছ থেকে
যেরকম ব্যবহার চাও, তুমিও
অন্যর সাথে সেইরকম
ব্যবহার করো।



তুমি তোমার শত্রুদেরকে ভালবেসো,
এবং তাদের জন্য প্রার্থনা করো।



তুমি লোকদের প্রশংসা পাবার জন্য
নয়, বরং গোপনে উপকার কর।



যে কেউ কোন স্ত্রীলোকের প্রতি কামভাবে
দৃষ্টিপাত করে, সে তখনই মনে মনে তার
সঙ্গে ব্যভিচার করল।



চোখ শরীরের আলো। যদি তোমার চোখ সরল
হয় তবে তোমার সারা শরীর আলোতে পূর্ণ হবে।
কিন্তু তোমার চোখ যদি মন্দ হয়, তবে তোমার
সমস্ত শরীর অন্ধকারময় হবে।



ঈশ্বর অথবা ধন যা-ই হোক কেউ
দুই প্রভুর সেবা করতে পারেনা।




আগামীকালের জন্য চিন্তিত হইও না।
প্রথমে ঈশ্বরের রাজ্যের বিষয়ে চেষ্টা করো,
তাহলে ঐ সমস্তও দেওয়া হবে।



যদি তুমি আমার বাক্য অনুসরণ কর, তাহলে তুমি এমন
একজন লোকের মতো যে পাথরের উপর তার বাড়ি নির্মাণ
করে। যদি তুমি তা না কর, তাহলে তুমি এমন একজন
লোকের মতো যে বালুচরে তার বাড়ি নির্মাণ করে।

একদিন কফরনাহুমে যীশুর বাড়ির চারিদিকে
লোকজন ভিড় করছিল

আমরা কখনও এরমধ্য দিয়ে যেতে পারবে না।



নিশ্চই ছাদ আছে,
খাট ও বিছানাসহ
নেওয়া হলো।

ওখানে কি হচ্ছে?

ওদের ছেড়ে দাও! ঐ বন্ধুদের
প্রচুর বিশ্বাস আছে।



তোমার পাপ
ক্ষমা করা হলো।

সে কি ভাবে করলো! তুমি
কি তা শুনেছ?

সে ঈশ্বরকে উপহাস করছে!

কাউকে পাপ মুক্ত করতে
কেবলমাত্র ঈশ্বর-ই পারেন।

একজন পক্ষাঘাত লোককে
কোনটি বলা সহজ, 'তোমার
পাপ ক্ষমা করা হলো' না
'তুমি উঠে হেঁটে বেড়াও'?



পাপ ক্ষমা করার ক্ষমতা
খ্রীষ্টেরই আছে। তবুও আমি
বলছি, তোমার বিছানা তুলে
নাও এবং হাঁট!





অবিশ্বাস্য

সে হাঁটছে!


হ্যাঁ আমি হাঁটতে পারছি!

কিন্তু সকলেই যে যীশুর কাজ নিয়ে খুশি তা নয়। যীশু বিশ্রামবারের নিয়মকানুন মেনে চলছে কি না, সে দিকে ধর্মীয় নেতারা লক্ষ্য রাখছিল। সেই সময় এইদিনে কোন ধরনের কাজ করা ইস্রায়েলের মধ্যে কঠোরভাবে নিষিদ্ধ ছিল।



এখানে একজন লোক আছে যার হাত শুকিয়ে গেছে। এই দিনে তাকে সুস্থ করার অনুমতি পাওয়া যাবে ?

তোমার হাত বাড়িয়ে দাও।



ওহ! আমি সুস্থ হয়ে গেছি।




আমরা তাকে শেষ করে দেবার উপায় পেয়েছি!

তিনি যে জাতিকে বিপদগামী করছে তা যিরুশালেমের নেতাদের অবশ্যই বলতে হবে।



গালীলের নদীতে তাঁর অনুসারীদের নিয়ে নৌকায়
বেরিয়ে পড়লেন।








সেই পাহাড়ে মধ্যে একজন দৈত্যের-আত্মা
পাওয়া লোক বাস করতো...



সে আসছে!

তাকে! উঃ!



বেশ, বেশ যীশু!



দৈত্যের আত্মা,
তাকে ছেড়ে দাও!

সর্বশক্তিমান
ঈশ্বরের পুত্র
তোমার সাথে
আমার
সম্পর্ক কি?




তোমার নাম কি?

দলে যেতে দাও, কারণ
সেখানে আমরা অনেকে আছি।



ঐ শুকরদের
মধ্যে আমাদেরকে
যেতে দেওয়া হোক।

যাও!





আমি তোমাদের বলছি, পুত্র নিজে থেকে কিছুই করতে পারে না। পিতাকে যা করতে দেখেন, তিনি শুধু তা-ই করেন।
আমি পিতার ইচ্ছা অনুযায়ী কাজ করি, নিজের ইচ্ছা অনুযায়ী করি না। তিনিই একজন, যিনি আমাকে পাঠিয়েছেন।




যীশু নিয়মিত নিরব স্থানে প্রার্থনা করতে যান।



সারারাত প্রার্থনা করার পর যীশু তাঁর ১২ জন শিষ্যকে মনোনীত করলেন। তিনি তাদেরকে দু'জন দু'জন করে বাহিরে পাঠালেন। তিনি তাদেরকে মন্দ আত্মা ও রোগের উপর ক্ষমতা দান করলেন।



পিতর ও আন্দ্রিয় তাঁরা ভ্রাতৃদ্বয়।



যাকোব ও যোহন ভ্রাতৃদ্বয়



ফিলিপ ও বর্থলময়

থোমা ও মথি (যিনি আগে রোমান
শাসকের খাজনা আদায়কারী ছিলেন)



থদেয় ও অন্য যাকোব



যোদ্ধা শিমোন ও
ইস্করিয়োটীয় যিহূদা।



যাও, যে তোমাকে গ্রহন করবে, সে আমাকে গ্রহন
করে, এবং যে আমাকে গ্রহন করেছে, সে আমাকে
যিনি পাঠিয়েছেন তাঁকে গ্রহন করেছে।



১২ জন শিষ্য তাঁদের কাজের
বিষয়ে উৎসাহ নিয়ে ফিরে আসলেন।
এরপর যীশু তাঁদের নিয়ে একটি
নির্জন স্থানে যেতে চাইলেন কিন্তু
মানুষের ভিড় তাঁর পিছু ছাড়ল না।

শস্যক্ষেত্র প্রচুর কিন্তু সেখানে কার্যকারী
অল্প। শস্যক্ষেত্রের প্রভুর নিকট প্রার্থনা
করো, যেন তিনি শস্য সংগ্রহের জন্য
প্রচুর কার্যকারী পাঠান।



যীশু কথা বলছেন এবং রোগী সুস্থ করে চলছেন অনেক দেরি হয়ে যাচ্ছে

ফিলিপ, এতগুলো লোক কিভাবে খাবার জোগাড় করবে? কেন তুমি তাদের কে কিছু দিচ্ছ না?


এখানে প্রায় আট মাসের আয়ের সমতুল্য অর্থ প্রয়োজন হবে।

এখানে একটি বালকের কাছে পাঁচটি রুটি ও দু'টি মাছ আছে। এখানে ইহাই সর্বসাকুল্য।

সমস্ত লোককে ৫০ জন করে সারিবদ্ধভাবে বসতে বলো।

যীশু ঈশ্বরকে ধন্যবাদ দিলেন....

তিনি রুটি ও মাছগুলোকে ভাঙলেন।



যীশু যেভাবে ভেঙ্গে খাবার
গুলো দিলেন তা হাজার
হাজার মানুষ খেলেন.....



তিনি নিশ্চয় খ্রীষ্ট যাঁর আসার
কথা ছিল।

আমরা তাঁকে রাজা করার
জন্য পেয়েছি।



দেখ! সেখানে
পূর্ণ ১২ বাড়ি খাবার
অবশিষ্ট রয়েছে!



এই সময় লেকেরা বাড়ি চলে যাক। তোমরা নৌকা
নিয়ে নদীর অপর পাড়ে যাও। আমি প্রার্থনার জন্য এই
পাহাড়ে থাকছি।



সেখানে কিছু লোক দেখা যাচ্ছে যারা যীশুকে রাজা হিসাবে ঘোষণা করতে চায়। তারা মনে করছে তাঁর নেতৃত্বে রোমান দখল দারিত্ব উচ্ছেদ হবে একই সাথে যীশুর বিরোধীতাকারীও বাড়তে লাগলো তারা প্রতিনিয়ত তাঁর সমাচলোনা করতে লাগলো। তারা লোকদেরকে তাঁর বিরুদ্ধে উত্তেজিত করতে লাগলো এবং তাঁকে বের করে আনতে চাইলো।



যে খাদ্য নষ্ট হয়ে যায় সেই খাদ্যের জন্য চিন্তিত হয়ো না। কিন্তু যে খাদ্যের জন্য চিন্তা করো যা অনন্ত জীবন পর্যন্ত থাকে।



আমি সেই রুটি যা অনন্ত জীবন দান করে। আমি দুনিয়ার জীবনের জন্য যে খাদ্য দেব, তা আমার শরীর।



এই ব্যক্তি কেমন করে আমাদেরকে খাবারের জন্য নিজের শরীর দিতে পারে?



চলো আমরা যাই ?

তিনি কেবল সকলকে প্রতারণা করছেন ।



তোমরাও কি চলে যেতে চাও ?

প্রভু, আমরা কার কাছে যাব? আপনার কাছে অনন্ত জীবনের কথা আছে!



যীশুর বিরোধীতা বাড়তেই থাকলো।
তিনি গালীল প্রদেশ ত্যাগ করলেন
এবং তাঁর অনুসারী পুরুষ এবং
মহিলাদের নিয়ে ইস্রায়েলের
অন্যান্য এলাকায় তাঁর কাজ
চালিয়ে যেতে থাকলেন।

গালীল

যিরূশালেম

ইস্রায়েল

পরে তিনি যিরূশালেমে অবস্থান করবেন।

যখন পথ চলছিলেন

লোকেরা, আমি কে এ বিষয়ে
তারা কি মনে করে?

তাঁরা মনে করে
আপনি একজন
ভাববাদী।

আর তোমরা?

তোমারা আমাকে কি মনে করো?

আপনি মুক্তিদাতা
জীবন্ত ঈশ্বরের পুত্র।

এ কথা কাউকে বলো না। খ্রীষ্টকে দুঃখ কষ্ট পেতে
এবং প্রাণ দিতে যিরূশালেমে যেতেই হবে। কিন্তু তৃতীয়
দিনে তিনি কবর থেকে জেগে উঠবেন।



যিরুশালেম শহরের বাহিরে প্রায় মানুষজন খুন হয়। তাদেরকে ক্রুশে মৃত্যু দেওয়া হয় যা ছিল রোমীয় সরকারের এক নিষ্ঠুর প্রাণ দণ্ডের শাস্তি।



যদি কেউ আমার হতে চায় তাহলে সে নিজেকে একদিকে রাখবে আর নিজের ক্রুশ বহন করবে এবং আমাকে শরণ করবে।



যারা নিজ জীবনকে রক্ষা করতে চাইবে সে তার জীবন হারাবে। কিন্তু যে আমার জন্য জীবনকে হারায় সে তা খুঁজে পাবে।



তুমি নিশ্চয় জান যে, একজন মাত্র ঈশ্বর আছেন।



গুরুপূর্ণ বিষয় হলো, তোমার যা কিছু আছে তার সবটুকু দিয়ে তুমি ঈশ্বরকে ভালোবাস, এবং তুমি যেমন নিজেকে ভালোবাস তেমনি অন্যকেও ভালোবাস।

সেই সময় ইস্রায়েলে কুষ্ঠ রোগীদের গ্রাম ছিল। কুষ্ঠ একটি ভয়ংকর চর্মরোগ। যারা এই রোগে অক্রান্ত হতো তাদেরকে সুস্থ মানুষের সাথে মেলামেশা করতে দেওয়া হতো না।



কুষ্ঠ রোগীরা যখন কোথাও যাতায়াত করতো তখন তারা চিৎকার করে মানুষকে সতর্ক করতো যে তারা আসছে।

কুষ্ঠরোগী!
কুষ্ঠরোগী!



যীশু! প্রভু! আমাদের
করুণা করুণ।





যাও, পুরোহিতের কাছে
গিয়ে নিজের দেখাও!



পুরোহিতের নিকট যাও?
নিজেকে পরীক্ষা করাও?

তাহলে কখন আমরা সুস্থ হবো?



? !




দেখুন, আমি সুস্থ হয়ে গেছি!



আমরা সুস্থ হয়ে গেছি!

হ্যাঁ



হালেল্লুয়া! ঈশ্বর মঙ্গলময়
আপনাকে ধন্যবাদ!



তোমরা ১০ জন প্রত্যেকেই কি সুস্থ হয়ে
উঠেনি? অন্যেরা কোথায়? তারা কি
ঈশ্বরকে ধন্যবাদ জানাতে আসবে না?



ওঠ! তোমার বিশ্বাস যে তোমাকে
সুস্থ করেছে তা নয়, কিন্তু তোমাকে
উদ্ধারও করেছে।

যীশুর যাত্রা পথে যিরূশালেমের
যিহুদী নেতারা তাদের কর্মচারীদের
গুপ্তচর হিসাবে তাঁর সাথে
পাঠালেন। তারা সম্পূর্ণভাবে তাঁর
কাজের বিরোধীতা করেছে।

তিনি সে সব লোকদেরকে তাঁর কাছে
ডেকেছিলেন যারা ছিল সমাজের ঘন্য,
যেমন বেশ্যা ও খাজনা। আদায়কারী যারা
রোমান সরকারের সাথে যুক্ত ছিল।

খ্রীষ্ট তাদের খুঁজতে এসেছেন যারা হারিয়ে
গেছে এবং তাদের মুক্তি দিতে।




কারণ যীশু বিশ্রামবারে
সুস্থ করতেন ...

সুস্থ হও!



এবং শিশুরা ছিল তাঁর
মনোযোগের প্রধান বিষয়

শিশুদের আমার কাছে আসতে
দাও। ঈশ্বরের রাজ্য তাদের
মতো লোকদেরই।



যিরূশালেমের নিকটে বৈথনিয়া গ্রামে যীশুকে ডাকা হলো। লাসার অসুস্থ। লাসার এবং তার দুই বোন মার্থা ও মরিয়ম যীশুর ভালো বন্ধু ছিল। যখন যীশু বৈথনিয়ায় পৌঁছে শুনতে পেলেন যে, ইতিমধ্যেই লাসারকে চারদিন আগে কবর দেওয়া হয়েছে।



প্রভু, যদি আপনি এখানে থাকতেন তাহলে আমার ভাই মারা যেত না।



মার্থা, তোমার ভাই আবার উঠবে।



হ্যাঁ, আমি জানি। শেষকালে পুনরুত্থানের সময় সে আবার জীবিত হয়ে উঠবে।



আমিই পুনরুত্থান ও জীবন; যে আমার উপর বিশ্বাস করে, সে মরলেও জীবিত থাকবে। মার্থা, তুমি এই কথা কি বিশ্বাস করো?



হ্যাঁ, প্রভু, আমি বিশ্বাস করেছি যে, দুনিয়াতে যাঁর আগমন হবে, আপনি সেই প্রতিজ্ঞাত যীশু, ঈশ্বরের পুত্র।



তাকে কোথায় সমাধি করেছে?

প্রভু, এসে দেখুন।





দেখ; ইনি তাকে
সত্যি ভালবাসতেন।

কিন্তু ইনি কি লাসারের
মৃত্যু নিবারণ করতে
পারতেন না?



গুহায় সেই কবরটি পাথর দিয়ে ডাকা এবং লাশটি
সমাধির কাপড় দিয়ে জড়ানো।

পাথরখানি সরিয়ে ফেল!



প্রভু, এখন ওতে দুর্গন্ধ হয়েছে,
কেননা আজ চার দিন...

তুমি ঈশ্বরের মহিমা
দেখতে পাবে।



পিতা, এই যে সব লোক চারদিকে দাঁড়িয়ে
আছে, এদের জন্য এই কথা বললাম, যেন এরা
বিশ্বাস করে যে, তুমি আমাকে প্রেরণ করেছ।



লাসার,
বাইরে এসো!



ওর জড়ানো কাপড় খুলে দাও
এবং ওকে যেতে দাও।

যিরূশালেমের কর্তৃপক্ষ যীশু এবং তাঁর অনুসারীদের
সম্পর্কে আরো বেশী উদ্বেগ হচ্ছিল।



এই লোকটি অনেক অলৌকিক
কাজ করেছে।

আমরা যদি একে এরকম
চলতে দিই রোমীয়েরা
এসে শাস্তি দেবে।

তারা আমাদের উপাসনালয়
ও জাতি উভয় ধ্বংস করবে।



তোমরা বিবেচনা করে দেখ!
তোমাদের পক্ষে এটি ভালো, যেন
লোকেদের জন্য এক ব্যক্তি মরে,
আর সমস্ত জাতি বিনষ্ট না হয়।



সেই কারণেই যীশুকে
মরতে হবে!




সেসময় থেকে যীশুকে রোমীয়দের
হাতে তুলে দেয়ার জন্য যিহুদী
নেতারা সুযোগ খুঁজছিল। কারন
তারাই মৃত্যুদণ্ড দেয়ার একমাত্র
ক্ষমতার অধিকারী।

যখন যীশু বৈথনিয়াতে ছিলেন...



মরিয়ম!



সেই সুগন্ধি আতর!
এটি অনেক দামী।



গরীবদেরকে টাকা
দান করলে আমরা
আরো ভালো
করতাম!



যিহূদা, তাকে ছেড়ে দাও। সে আমার
দেহকে সমাধির জন্য প্রস্তুত করছে।

নিস্তারপর্বের উদ্দেশ্যে বিস্তর লোক শীঘ্রই
যিরুশালেমে আসছে।



যিরুশালেমে নেতারা যীশুকে গ্রেপ্তারের
পরিকল্পনা করছে। যদিও তিনি তখনও
শহরের দিকে যাত্রা পথে রয়েছেন।



লোকেরা আনন্দে তাঁকে
স্বাগত জানাচ্ছে।

তাড়াতাড়ি কর!

তাড়াতাড়ি কর!



ধন্য তিনি, যিনি
প্রভুর নামে আসছেন।

যিনি ইস্রায়েলের
রাজা!



সমস্ত পৃথিবী তাঁকে
অনুসরণ করবে।


আমরা এরকম আর
কোথাও পাই নি।



সমস্ত পৃথিবী তাঁকে
অনুসরণ করবে।

আমরা এরকম আর
কোথাও পাই নি।

রাজধানী শহরের উপাসনালয়
হলো উপাসনার কেন্দ্রস্থল।



নিস্তারপর্বের সময় ভেড়া
উৎসর্গ করা হতো।



ঈশ্বরের সাথে মানুষের পুনর্মিলনের
জন্য ভেড়া উৎসর্গ করা হতো।



কিন্তু কোন ভেড়া উৎসর্গ মানুষকে
সত্যি পাপ মুক্ত করতে পারে।





লোকজন উপাসনার বারান্দায় ব্যবসা
ও টাকা লেনদেনে ব্যস্ত।



যীশুও সেখানে উপস্থিত. ...







আমরা যদি তাঁর সাথে চালাকি করি তাহলে আমরা তাঁকে পেতে পারি। তাঁরপর আমরা তাঁকে হত্যা করতে পারবো।

কিন্তু এই নিস্তারপর্বের দিনে নয়। আমরা উৎসবের দিনে কোন রকম গন্ডগোল হোক তা চাই না।



তাঁর জন্য আমাকে আপনারা কত দেবেন?

ইস্কারিয়োট যিহূদা, তাঁর শিষ্যদের একজন।



আমি যীশুকে আপনাদের হাতে তুলে দেব!



আমরা তোমাকে যীশুর জন্য ৩০টি রুপা দিবো, যা একজন দাসদের দাম।



যদিও নেতারা যীশুর জন্য সেসময়টি
কঠিন করে তুলেছিল, তবুও তিনি
নিস্তারপর্বের আগের দিন
উপাসনালয়ে লোকদের সাথে কথা
বলে অতিবাহিত করলেন।



ঐদিন সন্ধ্যাবেলায় যীশু তাঁর ১২ জন শিষ্যকে নিয়ে
শহরে নিস্তারপর্বের খাবারের জন্য একত্রিত হলেক।



আমি এটা আজ রাতেই করবো!





আমি দুঃখ-ভোগ করার আগে
তোমাদের সাথে একসাথে
নিস্তারপর্বের ভোজ খাবার দিকে
তাকিয়ে ছিলাম।



যারা ক্ষমতায় থাকে তারা অন্যের সেবা
পেতে চায়। কিন্তু এটা তোমাদের
সাথে অবশ্যই অন্যভাবেও করা যায়।



সকলের সেবক তোমাদের
নেতা হবে।



আমি তোমাদের মধ্যে একজন সেবক।





প্রভু, আপনি কি চাকরের
মতো আমার পা ধুয়ে
দেবেন? না! কখনো না!

পিতর, যদি তোমাকে ধুয়ে না
দিই তবে আমার সঙ্গে তোমার
কোন অংশ নেই।



প্রভু, তাহলে আমার হাত
ও মাথাও ধুয়ে দিন!

যে স্নান করেছে, পা
ধোয়া ছাড়া আর কিছুই
তার প্রয়োজন নেই।




তোমরা আমাকে গুরু ও প্রভু বলে ডাক, যা
ঠিক। যেভাবে আমি তোমাদের পা ধুয়ে
দিলাম, তোমারাও অবশ্যই একইভাবে
পস্পরের সেবা করবে।



তোমাদের মধ্যে একজন আমার
সঙ্গে বিশ্বাসঘাতকতা করবে।

সে আমি নই তাই না?

কখনো না!



যিহূদা, যা করছো,
শীঘ্র কর।






আমার স্মরণে এটি সবসময় করো...



এই রুটি নাও,
ইহা আমার দেহ।



এই পেয়ালা নও, এটি আমার রক্ত
যা তোমাদের জন্য ঢেলে দেয়া হবে।
এভাবে ঈশ্বর তোমাদের সাথে এক
নতুন নিয়মের চুক্তি করতে যাচ্ছেন।



আমি তোমাদের এক নতুন আদেশ
দিচ্ছি, যেভাবে আমি তোমাদের
ভালবেসেছি, তোমরাও পরস্পরকে
সেভাবে ভালবাসো।



যদি তোপমাদেও মধ্যে এরকম
ভালবাসা থাকে, তাহলে সকলে
জানবে যে, তোমরা আমার শিষ্য।



প্রভু, আমি আপনাকে সর্বদা
অনুসরণ করবো। আপনার
জন্য আমি আমার প্রাণ দিব।

পিতর, মোরগ ডাকবার আগে
তুমি তিনবার আমাকে
অস্বীকার করবে।

সেই সন্ধ্যার পর যীশু ও তাঁর শিষ্যরা শহর থেকে চলে গেলেন। ঈস্করিয়োটীয় যিহুদা তাঁদের সাথে ছিলনা...

আমি তোমাদের ছেড়ে চলে যাচ্ছি কিন্তু পিতা তোমাদের জন্য পবিত্র আত্মা পাঠাবেন। তিনি আমাদের সাহায্য করবেন এবং সবসময় তোমাদের সঙ্গে থাকবেন।

আমি যেখানে যাচ্ছি,
তোমরা তার পথ জান।

আমিই পথ ও সত্য ও জীবন;
আমার মধ্যে দিয়ে না আসলে কেউ
পিতার কাছে আসতে পারে না।

তোমরা এখানে থাক। আমি একটু
দুরে প্রার্থনার জন্য যাচ্ছি।

পিতা, যদি সম্ভব হয়, আমার কাছ
থেকে এই কষ্ট দূর কর।

তবুও আমার ইচ্ছা নয়, তোমারই
ইচ্ছা পূর্ণ হোক!



এরকম সময় তোমরা কিভাবে ঘুমাচ্ছে? উঠ!
যে ব্যক্তি আমাকে ধরিয়ে দিবে, সে কাছে এসে গেছে!



আমি যাকে চুম্বন করবো তাঁকে ধরো।



ওহে প্রভু!

যিহুদা, তুমি কি খ্রীষ্টকে চুম্বন
করে বিশ্বাসঘাতকতা করছো?



প্রভু, আমরা কি
নড়াই করবো?



না!



যীশু তাঁকে নিয়ে যেতে দিলেন। তাঁর অনুসারীরা
চারিদিকে দৌড়ে পালানো।

যিহুদী নেতাদের প্রধান পুরোহিতের নিকট যীশুকে নিয়ে
যাওয়া হলো। পিতর ও যোহন দূর থেকে
তাদের অনুসরণ করছিল।



পিতর উঠানে গেলেন।



তুমিও তো তাঁর সাথে ছিলে?



না! আমি ঐ
লোকটাকে চিনি নি।

তুমি তাদের একজন, তা-ই-না?



অবশ্যই না!

আমি নিশ্চিত! তুমি সেখানে ছিলে!
তুমি একজন গালীলীয়!



তুমি কি বলছো,
আমি জানি না।



যীশুকে রোমীয় শাসক পীলাতের নিকট আনা হলো। যিহুদী নেতারা যা
দেখেছিল তার সব জানিয়ে দোষারোপ করলো। তারা সমস্ত
অভিযোগ তুলে চিৎকার করতে লাগলো।




তুমি এই সমস্ত অভিযোগের
বিষয়ে কি বলো? কিছুই না?



তুমি কি
করেছ?

আমি সত্যেও
বিষয়ে সাক্ষ্য
দিতে এসেছি।



সত্য কি?



আমি এই ব্যক্তির কোন দোষই
পেলাম না। এটি নিস্তারপর্বের
সময়, আমি কাকে মুক্ত করে
দিবো, বারাব্বাকে অথবা
যিহুদীদের রাজাকে?





বারাভা!

বারাভা!



কিন্তু এই যীশুকে
তোমরা আমাকে
কি করতে বলো?

তাঁকে ক্রুশে দাও!


সে নিজেকে
রাজা মনে করে!

যদি আপনি তাঁকে ছেড়ে
দিন তাহলে আপনি
সম্রাট কৈসারের বন্ধু নন।



তুমি তাঁর পরিবর্তে মুক্ত
হয়ে চলে যেতে পারো।

বারাভা মুক্তি পেল। সে
একটি রাজনৈতিক খুনে
দোষী সাব্যস্ত হয়েছিল।




..৩৭, ৩৮, ৩৯!



আমি তাঁর রক্তের জন্য নির্দোষ।



এই ব্যক্তি যিহুদীদের রাজা!



ইতিমধ্যে ইস্করিয়োট যিহুদা তার
কৃতকর্মের জন্য অনুতপ্ত হলো।




আমি ভুল
করেছি।

আমি নির্দোষ রক্তের সাথে
বিশ্বাসঘাতকতা করেছি।



এই বিষয়ে আমাদের কি করার
আছে? এটা তোমার সমস্যা।



দু'জন দস্যুর মাঝখানে যীশু ক্রুশবিদ্ধ হলেন।




পিতা, তাদের ক্ষমা করো,
কেননা তারা কি করছে,
তা জানে না।

তিনটি ভাষায় দোষ-নামা লিখে
ক্রুশের উপর ঝুলিয়ে দিলো,
যেখানে বলা হলো, “এই ব্যক্তি
(যীশু) যিহুদীদের রাজা”



যীশু যত্ননানিবারক পানীয় পান
প্রত্যাখান করলেন।



সৈন্যরা তাঁর কাপড়
গুলিবাঁট করে নিলো।



হ্যাঁ তিনি কি অন্যান্যকে
রক্ষা করেন নি?



তুমি যদি ঈশ্বরের পুত্র হও,
তাহলে ক্রুশ থেকে নেমে এসো!

নিজেকে ও
আমাদেরকে
রক্ষা করো!

ঈশ্বরের প্রতি সামান্য সম্মান
দেকাও। আমরা আমাদের প্রাপ্য
পাচ্ছি কিন্তু এই লোকটি কোন
অন্যায় করেন নি।



আপনি যখন আপন রাজ্যে যাবেন
তখন আমাকে স্মরণ করবেন!



আমি তোমাকে সত্যিই বলছি,
আজই তুমি পরমদেশে
আমার সাথে উপস্থিত হবে।

বেলা অনুমান ১২ ঘটিকায় সূর্য
ঢেকে গেল, সমস্ত দেশ
অন্ধকারময় হয়ে রইলো।



যীশু মা মরিয়ম এবং তাঁর শিষ্য
যোহন ক্রুশের কাছে দাড়িয়ে ছিলেন।

এখন থেকে তোমরাই, মা ও ছেলে।




ঈশ্বর আমার, ঈশ্বর আমার,
তুমি কেন আমায় পরিত্যাগ করেছ?

আমি
পিপাসিত



পিতা আমি তোমার হাতে
আমার আত্মা সমর্পন করলাম।



ইহা.... সমাপ্ত হলো।

বিকাল ৩ ঘটিকার সময় যীশু মৃত্যুবরণ করলেন।
একজন সৈন্য এসে যীশুর পাঁজরে খোঁচা মারল;
তাতে সেখান থেকে রক্ত ও জল বের হয়ে আসল।



শাস্ত্রে এই কথা বলা হয়েছে,
“তিনি উৎসর্গকৃত ভেড়ার
মতো হতে হলেন।”



“তিনি আমাদের পাপের জন্য
দুঃখ-কষ্ট সহ্য করেছিলেন।”
কিন্তু এখন তিনি মৃত।




যাঁর আসার কথা ছিল তিনি কি
সেই খ্রীষ্ট?



অরিমাতথিয়ার যোসেফ ও নীতদীম যীশুর মৃতদেহ নিলেন। তারা
লাশটি সুগন্ধি দ্রব্যের সাথে মসীনার কাপড় দিয়ে বাঁধলেন এবং
কবরে রেখে একটি বড় পাথর দিয়ে তা ঢেকে দিলেন।



এসো, গিয়ে জিজ্ঞাসা করি তঁকে
সামাধিস্ত করা যাবে কি না।



নিস্তারপর্বের একটি অংশ যা
বিশ্রামবারের পরের দিন, কয়েকজন
শোকাত্ত মহিলা সেই বন্ধ করা
কবরের কাছে গেলেন



পাথরখানা সরানো রয়েছে!

মৃতদের মধ্যে জীবিতের খোঁজ
কেন করছে? তিনি উঠেছেন।
যাও এবং তাঁর শিষ্যদের জানাও।



পিতর ও যোহন যখন তা শুনলো
তাঁরা দৌড়ে কবরের কাছে গেলো।



কি ব্যাপার?

ইহা সম্পূর্ণ শূন্য!





কবরের চারিদিকে বাগানের মধ্যে. . . .




নারী, তুমি কাদছো কেন?
তুমি কার খোক করছো?



গুরু, আপনি যদি তাঁকে
নিয়ে থাকেন?



মরিয়ম?




রব্বুণি!



আমাকে স্পর্শ করো না।
আমার ভাইদের কাছে গিয়ে
বলো, যিনি আমার পিতা এবং
তোমাদের পিতা এবং আমার
ঈশ্বর ও তোমাদের ঈশ্বর,
তাঁর কাছে আমি উপস্থিত য়াচ্ছি।

সেদিন যীশুর দুইজন বিষন্ন অনুসারি পথ
চলতে চলতে যীশুর ক্রুশের মৃত্যুর বিষয়ে
আলোচনা করছিলেন ...

তাহলে ভাববাদীদের কথা তোমরা বিশ্বাস
করছো না ? খ্রীষ্টের কি আবশ্যিক ছিল
না ? যে, দুঃখভোগ করেন ও আপন
প্রতাপে প্রবেশ করেন ? এই সমস্ত বিষয়
বাইবেলে লেখা আছে !



খাওয়ার সময় হঠাৎ
অধিতি উধাও

কিন্তু তিনি
ছিলেন
যীশু নিজে !



তারা তৎক্ষণাৎ যীশুর অন্য
অনুসারীদের খোঁজ চলে গেল ।

মরিয়ম ও পিতর
সেখানে ছিলেন ।

আমরা প্রভুকে দেখেছি !



হঠাৎ ...

আমি তোমাদের
শান্তি
কামনা করি !



তোমাদের কি বিশ্বাস
হচ্ছে না যে এটা
আমি ? আমার হাত
এবং পা দেখ !



প্রভু আমার,
ঈশ্বর আমার



পরবর্তী ৪০ দিন যাবৎ যীশু তার শিষ্যদের দেখা দিলেন। তিনি একসাথে ৫০০ শত লোককে দেখা দিলেন। একদিন শিষ্যদের কয়েকজন গালীল নদীতে মাছ ধরতেছিলেন ...

তোমাদের কাছে কিছু খাওয়ার আছে ?

না, আমরা কিছুই ধরতে পারি নি !

বিপরীত দিক তোমাদের জাল ফল !

অবাক ব্যাপার, এতগুলো মাছ ধরা পড়লো !


উনি প্রভু !

প্রভু !

তুমি কি আমার সাথে খেতে আসছো ?



পিতর, তুমি কি
আমাক সত্যি
ভালাবাস ?



যীশু একই প্রশ্ন পিতরক
তিনবার জিজ্ঞাসা করলন ...



হ্যাঁ, প্রভু, আপনি জানন,
আমি আপনাক ভালাবাসি ।

আমার ভেড়াগুলোকে পালন কর।




আমাকে অনুসরণ কর !

স্বর্গ ও পৃথিবীতে সমস্ত কর্তৃত্ব আমাকে দেওয়া হয়েছে।
তোমরা গিয়ে সমস্ত জাতিকে শিষ্য কর; পিতার ও
পুত্রের ও আর পবিত্র আত্মার নামে তাদেরকে বাপ্তিস্ম
দাও; আমি তোমাদেরকে যা যা আদেশ করেছি, সেসব
পালন করতে তাদেরকে শিক্ষা দাও।



স্মরণ রেখ, আমিই যুগের শেষ সময় পর্যন্ত
প্রতিদিন তোমাদের সাথে আছি।



এসকল কথা বলার পরে যীশু
পৃথিবী ছেড়েছেন এবং আর তাঁকে
স্বর্গে তুলে নেওয়া হলো। কিন্তু
তিনি একথাও বলে গেছেনযে,
সকল মানুষের বিচারের জন্য
পৃথিবীতে পুনরায় ফিরে আসবেন।

তাঁর শিষ্যেরা যিরুশালম অপেক্ষা করছেন এবং প্রার্থনা করছেন। পবিত্র আত্মা, ঈশ্বরের আত্মা তাদের পূর্ণ করলেন। একই আত্মা যা যীশুর সাথে ছিলেন আর এখন তা তাদের মধ্যে বাস করছেন। তিনি তাদেরকে নতুন মানুষ হিসাবে গড়ে তুলবেন যারা যীশুর সম্পর্কে শক্তিশালী ভাবে স্বাক্ষ্য বহন করব।

মৃত্যু যীশুকে ধরে রাখতে পারে নি। ঈশ্বর তাঁকে পুনরায় জীবনে ফিরিয়ে এনেছেন এবং তাঁকে মসীহ, প্রভুতে পরিনত করছেন।



যীশুর অনুসারীরা বড় ধরনের বিরোধিতাকে সামনে রেখে বাইরে গেলেন।

যীশু হলেন ঈশ্বরের পুত্র!



এই কথা চিঠির মাধ্যমেও প্রচার করা হয়েছিল।

যখন তিনি ক্রুশের উপরে মৃত্যুবরণ করেছেন তখন তিনি আমাদের পাপ সকল নিজের দেহে বহন করেছিলেন। সেই কারণে আমরাও পাপের সাথে মৃত্যুবরণ করেছি এবং এখন থেকে যে জীবন তা ঈশ্বর যেভাবে চালাতে চান সেভাবে পরিচালিত হবে।

এখন যীশুর অনুসারীরা সমস্ত পৃথিবীতে একসাথে প্রার্থনা ও শাস্ত্র পাঠে মিলিত হয়। যীশুর মৃত্যুর স্মরণার্থে তারা নিজেদের মধ্যে রুটি ভাঙ্গায় এবং দ্রাক্ষারস পানে নিবিষ্ট থাকেন। এটি ঈশ্বরের ইচ্ছা যেন তাদের হৃদয়ে ঈশ্বরের যে ভালবাসা আছে তা যেন তাদের চতুর্দিকে যারা আছেন তাদের সকলের সাথে ভাগ করেন।

ঈশ্বরের যে উদ্দেশ্যে তা
যীশু মানুষের জন্য
সহজ করেছেন ।



যীশু আমাদের
ভালবাসেন! তাঁর প্রতি
কৃতজ্ঞতা হও এবং
তাঁকে ডাক !



ঈশ্বর পৃথিবীকে এমন ভালোবাসেন যে,
তাঁর একজাত পুত্রকে দান করলেন যেন
যে কেউ তাঁতে বিশ্বাস করে সে বিনষ্ট না
হয়, কিন্তু অনন্ত জীবন পায়

বাইবেল

যীশু খ্রীষ্টের জীবনের ঘটনাবলী বাইবেলে লিপিবদ্ধ করা আছে। এই বাইবেল থেকে অন্য কোন পুস্তক এতবেশী পঠিত হয়নি। এটি হলো সমস্ত পুস্তকের চেয়ে পূর্ণাঙ্গ একটি পুস্তক। প্রায় ১৫০০ বছর প্রয়োজন হয়েছিল এই পুস্তকগুলো লিখতে। প্রায় ১৯০০ বছর আগে এই বাইবেল লেখা শেষ হয়েছিল। এই বাইবেলের মধ্যে ঈশ্বর কিভাবে মানুষের জীবনের সাথে সংযুক্ত হয়েছিলেন সেবিষয়ে সমস্ত রকমের ঘটনাবলী উল্লেখ করা আছে। ঈশ্বর কে তা যীশুর জীবনী স্পষ্টভাবে দেখিয়ে দিয়েছেন।

যীশুর ইতিহাস

বাইবেলে চারটি খন্ড রয়েছে যেখানে যীশু খ্রীষ্টের জীবন সম্পর্কে বর্ণনা করা হয়েছে। এই লেখকগণের নামানুসারে রাখা হয়েছে। এই লেখকগণ যীশু খ্রীষ্টের সময়কালীন সময়ে জীবিত ছিলেন।

১) মথি:- তিনি একজন যীশুর শিষ্য ছিলেন। তিনি একজন খাজনা আদায়কারী হিসেবে কাজ করেছিলেন। তিনি বিশেষভাবে বর্ণনা করেছেন, কিভাবে যীশু ইস্রায়েলীদের (যিহুদী জাতি) সাথে সংযোগ স্থাপন করেছিলেন।

২) মার্ক :- যখন যীশু তাঁর কাজ শুরু করেছিলেন তখন মার্ক ছিলেন একজন যুবক। তিনি সংক্ষিপ্তভাবে যীশু যে সমস্ত অলৌকিক কাজ সাধন করেছিলেন সেই বিষয়ে লিপিবদ্ধ করেছেন।

৩) লুক :- তিনি ছিলেন একজন চিকিৎসক। তিনি যীশু খ্রীষ্টকে ব্যক্তিগত ভাবে জানতেন না। যীশু মানুষের সাথে কিভাবে সংযুক্ত হয়েছিলেন সেই বিষয়ে লুক বর্ণনা করেছেন।



৪) যোহন :- তিনিও একজন যীশু খ্রীষ্টের শিষ্য ছিলেন। সত্যিকার ভাবে যীশু খ্রীষ্ট কে ছিলেন তিনি প্রধানত সেই বিষয়ে দেখাতে চেয়েছিলেন। যীশু খ্রীষ্ট ছিলেন ঈশ্বর, যিনি মানুষ হয়ে মানুষকে তাদের পাপ থেকে মুক্ত করতে এসেছিলেন।

যীশুর জন্ম


যখন যীশু জন্মগ্রহণ করেন তখনও তাঁর মা মরিয়মের বিবাহ হয়নি। তিনি তখনও কুমারি ছিলেন। তথাপি যীশুর জন্মের সব আয়োজন ঈশ্বর ঠিক করে রেখেছিলেন। এরকম অলৌকিক জন্মের কথা যীশুর সময়ের অনেক আগে ভাববাদীদের মাধ্যমে তিনি ঘোষণা করেছিলেন। যীশু খ্রীষ্ট একজন নায়ক বা বিশেষ কোন কিছু মতো জন্ম গ্রহণ করেননি। তিনি এমন এক জায়গায় জন্মগ্রহণ করেছিলেন যেখানে থাকবার জন্য কোন ঘর ছিল না।

যীশুর অলৌকিক কাজ

যীশু অনেক অলৌকিক কাজ করেছিলেন। পবিত্র বাইবেলে ৪০টির বেশী আরোগ্যদান সম্পর্কে উল্লেখ করা হয়েছে। আর এসমস্ত অলৌকিক কাজের মাধ্যমে তিনি ঈশ্বরের ক্ষমতা এবং ভালবাসা দেখিয়েছিলেন। একই সাথে তিনি মানুষকে সাহায্য করেছিলেন এবং তাদের খুশি করেছিলেন।



যীশুর মৃত্যু এবং পুনরুত্থান



যীশু কেন মৃত্যুবরণ করেছিলেন? এই ব্যাখ্যা বাইবেলে দেয়া আছে।

যে কোন সময় সমস্ত মানুষ ভুল করে থাকে। যে সমস্ত বিষয় ঈশ্বর চান না এবং যে সব বিষয় তাঁকে দুঃখিত বা রাগান্বিত করেন সেই সকল নিষয়কে পাপ বলা হয়। ঐ সমস্ত পাপ মানুষকে ঈশ্বরের বন্ধুত্ব থেকে দূরে সরিয়ে দেয়। সেই কারণেই যীশু জগতে এসেছিলেন। তিনি স্ব-ইচ্ছায় আমাদের পাপের শাস্তি নিজে বহন করলেন। সেই কারণেই যীশু যীশু জগতে এসেছিলেন। তিনি স্ব-ইচ্ছায় আমাদের পাপের শাস্তি নিজে বহন করলেন। সেই শাস্তি ছিল মৃত্যু যখন থেকে যীশু মৃত্যুবরণ করলেন তখন থেকেই আমরা পুনরায় ঈশ্বরের বন্ধু হতে পেরেছি। কিন্তু আমরা যে ভুল করেছি তার জন্য আমাদের দুঃখ প্রকাশ করতে হবে।

যীশু মৃত্যু থেকে জীবিত হয়ে উঠছেন। ঈশ্বর পুনরায় তাঁকে জীবন দিয়েছিলেন। এরদ্বারা ঈশ্বর দেখালেন যে, তিনি মৃত্যু থেকেও অনেক বেশী ক্ষমতাশালী।

যীশু খ্রীষ্ট জীবিত অবস্থায় এখন ঈশ্বরের সাথে আছেন। আর তিনি যেহেতু এখনও জীবিত আছেন, সেহেতু সবসময় তিনি আমাদের বন্ধু হতে পারেন। জীবনকে যেভাবে পরিচালনা করলে ঈশ্বর আনন্দিত হয় সেরকম জীবন যাপন তিনি আমাদেরকে সাহায্য করতে চান।

প্রার্থনা

যদি আপনি আপনার কৃত ভুল গুলোর জন্য দুঃখিত হয়ে থাকেন এবং
যদি আপনি ঈশ্বরের বন্ধু হতে চান, তাহলে প্রার্থনা করতে পারেনঃ

“প্রিয় ঈশ্বর, তুমি আমাকে ভালবাস। তোমার একমাত্র পুত্র যীশু খ্রীষ্টকে পাঠিয়েছ। আমি জীবনে যতরকম ভুল করেছি তার জন্য তিনি ক্রুশে মৃত্যুবরণ করেছেন। আমি যত রকম ভুল করেছি তা দয়া করে আমাকে ক্ষমা করে দাও। আমি আমার ভুলের জন্য দুঃখিত। যীশু খ্রীষ্টে আমার পাশে আছেন, সেজন্য তোমাকে ধন্যবাদ জানাই। আমি সবসময় তোমার থাকতে চাই। তুমি যেভাবে চাও, সেভাবে জীবন যাপন করতে আমাকে কি সাহায্য করবে? তুমি কি সবসময় আমার পাশে থাকবে? আমার প্রার্থনার উত্তর দেয়ার জন্য তোমাকে ধন্যবাদ জানাই। তুমি যে প্রতিজ্ঞা করেছ তা আমার জন্য করো!”

যীশু এবং আপনি

যীশু খ্রীষ্টের ঘটনা একটি চলমান সমাপ্তি। তিনি অনেক লোকের একজন মহান বন্ধু, তখনও ছিলেন এখনও আছেন। এই পৃথিবী পরিবর্তন হয়েছে। অনেক লোক এখন আর গাধায় চড়ে না অথবা ঘোড়ায় চড়ে না, তবে তারা গাড়িতে বা উড়োজাহাজে চড়ে। কিন্তু এ সমস্ত যীশুর কাছে কোন পার্থক্য বহন করে না। যখন তিনি ইস্রায়েলের মধ্যে হেঁটেছেন তেমনি এখন আমাদের সঙ্গে আছেন। হয়ত তিনি এখন অদৃশ্য, কিন্তু তিনি এখন বাস্তব। আজকেও তিনি আপনার বন্ধু হতে চান। আপনি তাঁর কথা শুনতে পারেন এবং তাঁকে ভালবাসতে পারেন।

আপনি যীশু এবং তাঁর জীবন সম্পর্কে আরো অনেক কিছু জানতে চান? তাহলে আপনি নীচের বিষয়গুলো অনুসরণ করুন :

১. আপুন নিজে বাইবেল পাঠ করা শুরু করুন (উদাহরন স্বরূপ আপনি লুক লিখিত খন্ড পাঠ করা শুরু করুন)।
২. প্রার্থনা করা শুরু করুন। (ঈশ্বরের সাথে কথা বলুন এবং তাঁর কথা শুনুন আপনার কোন বিশেষ শব্দ বা বাক্য ব্যবহার করার প্রয়োজন নেই)।
৩. অন্যের সাথে যীশু ও পবিত্র বাইবেল সম্পর্কে কথা বলুন। যীশু খ্রীষ্ট চান যেন তাঁর অনুসারীরা একত্রে মিলিত হয় এবং তারা পরস্পর থেকে তাঁর বিষয়ে আরো শিখে।



Publisher : KRISTALAYA MERCY MISSION

Printed : Kristalaya Printers

Text and illustrations : Willem de vink

Copyright 1993 Stitching Wereldtaal, Houten, The Netherlands,

Published in Dutch as " Jesus Messias". Edition in Bangla 2020 : ISBN : - 978-984-33-8016-6

Digital copyright under the terms of the Creative commons BY-SA licence.

All right of translation, reproduction and adaptation reserved for all countries.

Worldwide co-edition organized and produced by: Wycliffe Netherlands,

E-mail : jmpbnortheast@gmail.com

মসীহ যীশু

যীশু খ্রীষ্টের সম্পর্কে এটি একটি সত্য কাহিনী। প্রায় ২০০০ বছর আগে তিনি ইস্রায়েলে বাস করতেন। যারা তাঁর সাথে সাক্ষাৎ করেছে তারা প্রত্যেকে আশ্চর্য হয়েছে। তিনি যা করেছেন তা কেউ কখনও করতে পারেনি। তিনি যা যা বলেছেন তা কেউ বলতে পারেনি। যীশু যেখানেই ছিলেন অলৌকিক ঘটনা ঘটেছে। যারা তাঁর কথা যত্নসহকারে শুনেছে তাদের মধ্যে তিনি আনন্দ ও সুখ নিয়ে এসেছেন। যদিও হঠাৎ করে এর সমাপ্তি ঘটলো। তাঁর শত্রুরা তাঁকে হত্যা করেছিল। কিন্তু সেটা শেষ ছিল না। ইহা কিভাবে ঘটেছিল তা আপনি নিজে পড়ুন এবং দেখুন কিভাবে যীশু খ্রীষ্টের কাহিনী চলমান আছে!



Language: Bangla

ISBN: 978-984-33-8016-6